গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
www.sreemangal.moulvibazar.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৫.০০০১.২৬-১০২ তারিখঃ ২১ জানুয়ারি ২০২৬

## ১৪৩৩ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার দরপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর মর্মানুযায়ী এবং স্মারক নং-৪৬.০৪১.০৩০.০১.০০.০০১. ২০১৮-৯৩, তারিখ- ২০/০২/২০১৮ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্র মোতাবেক শ্রীমঙ্গল উপজেলাধীন পৌর এলাকা বহির্ভূত হাট বাজার সমূহের ১৪৩৩ বাংলা (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে বন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে তফসীলে বর্ণিত সময়ে দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান**

১) জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীমঙ্গল।
৩) উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল।
৪) শ্রীমঙ্গল থানা ৫) সোনালী ব্যাংক লিঃ, শ্রীমঙ্গল শাখা।

**দরপত্র দাখিলের স্থান**

১) জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
২) পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার।
৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীমঙ্গল।
৪) উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল।

**দরপত্র ফরম ক্রয় ও দাখিল সংক্রান্ত তপসীলঃ**

| পর্যায় ক্রম | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৫/০২/২০২৬ খ্রিঃ। অফিস চলাকালীন সময় পর্যন্ত (বিকাল ০৫.০০ টা)। | ০৮/০২/২০২৬ খ্রিঃ। বেলা ০১.০০ টা। | ০৮/০২/২০২৬ খ্রিঃ। বেলা ০২.০০ টা। | - |
| ২য় পর্যায় | ২২/০২/২০২৬ খ্রিঃ। অফিস চলাকালীন সময় পর্যন্ত (বিকাল ০৫.০০ টা)। | ২৩/০২/২০২৬ খ্রিঃ। বেলা ০১.০০ টা। | ২৩/০২/২০২৬ খ্রিঃ। বেলা ০২.০০ টা। | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য |
| ৩য় পর্যায় | ০৮/০৩/২০২৬ খ্রিঃ। অফিস চলাকালীন সময় পর্যন্ত (বিকাল ০৫.০০ টা)। | ০৯/০৩/২০২৬ খ্রিঃ। বেলা ০১.০০ টা। | ০৯/০৩/২০২৬ খ্রিঃ। বেলা ০২.০০ টা। | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য |
| ৪র্থ পর্যায় | ২৯/০৩/২০২৬ খ্রিঃ। অফিস চলাকালীন সময় পর্যন্ত (বিকাল ০৫.০০ টা)। | ৩০/০৩/২০২৬ খ্রিঃ। বেলা ০১.০০ টা। | ৩০/০৩/২০২৬ খ্রিঃ। বেলা ০২.০০ টা। | ৩য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য |

পরিশিষ্ট-ক (১৪৩৩ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা)

| ক্রমিক | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মির্জাপুর বাজার | মির্জাপুর | ৩২৭৮৯৪ | ১,৪০০ | |
| ০২ | মির্জাপুর গরুর বাজার | ঐ | ৫৭২০৪৭ | ১,৮০০ | |
| ০৩ | ধোবারহাট বাজার | ঐ | ১৬৬৯৬৫১ | ৪,০০০ | |
| ০৪ | বৌলাশির বাজার | ঐ | ১৪৮৪১৮ | ১,০০০ | |
| ০৫ | গোপেন্দ্রগঞ্জ বাজার | ভূনবীর | ৩৬০৭৬ | ৫০০ | |
| ০৬ | সাতগাঁও স্টেশন বাজার | ঐ | ৬৯২২৪ | ৫০০ | |
| ০৭ | জীবনগঞ্জ বাজার | ঐ | ৮৫৫১ | ৫০০ | |
| ০৮ | মোহিনীগঞ্জ বাজার | ঐ | ১৩৬০৩৪ | ১০০০ | |
| ০৯ | শাহজি বাজার | শ্রীমঙ্গল | ৩৪৪৭১ | ৫০০ | |
| ১০ | সিন্দুরখাঁন বাজার | সিন্দুরখাঁন | ১৭০৪৮৩৪ | ৪,২০০ | |
| ১১ | জানাউড়া বাজার | ঐ | ৩৫২ | ৫০০ | |
| ১২ | ভৈরবগঞ্জ বাজার | কালাপুর | ১৮৭৮১৪৪ | ৪,৪০০ | |
| ১৩ | কাকিয়া বাজার | ঐ | ৯৪৩৪৪ | ৫০০ | |

| ক্রমিক | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৪ | ঠাকুরের বাজার | ঐ | ১০১৩৩৬ | ১০০০ | |
| ১৫ | বরুনা বাজার | ঐ | ১৪২৭৮ | ৫০০ | |
| ১৬ | মতিগঞ্জ বাজার | আশিদ্রোন | ৮৯০৪ | ৫০০ | |
| ১৭ | পাইকপাড়া বাজার | ঐ | ৫৩৭ | ৫০০ | |
| ১৮ | রাজঘাট বাজার | রাজঘাট | ৭৫৯৩২ | ৫০০ | |
| ১৯ | খেজুড়ীছড়া বাজার | ঐ | ৩২২৯ | ৫০০ | |
| ২০ | জাগছড়া বাজার | কালিঘাট | ৫০৯৬৯ | ৫০০ | |
| ২১ | সাতগাঁও বাজার | সাতগাঁও | ৮০৩৮৩ | ৫০০ | |
| ২২ | আমরাইল বাজার | ঐ | ৩১২০০ | ৫০০ | |
| ২৩ | মাকড়িছড়া বাজার | ঐ | ৩৩৪২৬ | ৫০০ | |

## শর্তাবলী

০১। বাংলা ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সফল দরদাতার ক্ষেত্রে উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবর আবেদনের পরিপ্রেক্ষিতে প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। কোনক্রমেই আংশিক অর্থ গ্রহণ করা হবেনা। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয়, তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। **খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।**

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। **প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক মুখবন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। এছাড়া দরপত্রের সাথে সরবরাহকৃত বিজ্ঞপ্তির প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে তা দরপত্রের সাথে দাখিল করতে হবে।**

০৯। ইজারাদার কোনক্রমেই ইজারাকৃত হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩ (তিন) দিনের মধ্যে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ইজারাচুক্তি সম্পাদন ব্যতিত কোন বাজারের দখল দেয়া হবেনা।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭/০৪/২৫

(মোঃ ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ফোনঃ ০২৯৯৬৬৮৬৩৪৩

স্মারক নং ঃ ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৫.০০০১.২৬-১০২ (২০) তারিখ: ২১ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

৪। পুলিশ সুপার, মৌলভীবাজার।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

৬। প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৭। প্রশাসক, শ্রীমঙ্গল পৌরসভা। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৮। উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা/জুড়ী/কুলাউড়া/মৌলভীবাজার সদর/কমলগঞ্জ/রাজনগর, মৌলভীবাজার।

৯। সহকারী কমিশনার (ভূমি) শ্রীমঙ্গল, মৌলভীবাজার। জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১০। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। অবগতি ও বহুল প্রচারের জন্য।

১১। আঞ্চলিক পরিচালক, রেডিও বাংলাদেশ, মীরের ময়দান, সিলেট। (বিজ্ঞাপনটি সংবাদ বুলেটিন/স্থানীয় সংবাদে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)

১২। উপজেলা আইসিটি অফিসার, শ্রীমঙ্গল। (তাঁকে বিজ্ঞপ্তিটি শ্রীমঙ্গল উপজেলার ওয়েবসাইটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

১৩। উপজেলা.....................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, জেলা- মৌলভীবাজার।
(অবগতি ও বহুল প্রচারের জন্য।)

১৪। উপজেলা............................................................... কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। (হাটবাজার মূল্যায়ন কমিটির সভা দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। )

১৫। সম্পাদক, দৈনিক/সাপ্তাহিক ........................................................................। বিজ্ঞপ্তিটি শর্তাবলী ব্যতিত স্বল্প পরিসরে সিঙ্গেল স্পেসে আগামী / /২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে ভিতরের পাতায় ১ (এক) বার প্রকাশপূর্বক ২ প্রস্থ বিল ও পাঁচ কপি পত্রিকা অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৬। পোস্ট মাস্টার/ষ্টেশন মাস্টার, শ্রীমঙ্গল, জেলা-মৌলভীবাজার। বহুল প্রচারের জন্য।

১৭। চেয়ারম্যান,........................................ইউনিয়ন পরিষদ(সকল), শ্রীমঙ্গল, জেলা-মৌলভীবাজার।
(তাঁর ইউনিয়নের বিভিন্ন হাট-বাজারে ঢোল শহরত/মাইকযোগে বহুল প্রচারক্রমে আগামী / /২০২৬খ্রিঃ তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।)

১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস.....................(সকল), শ্রীমঙ্গল, জেলা-মৌলভীবাজার।
(তাঁর অধিক্ষেত্রের বিভিন্ন হাট-বাজারে ঢোল শহরত/মাইকযোগে বহুল প্রচারক্রমে আগামী / /২০২৬খ্রিঃ তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।)

১৯। জনাব.........................................................(প্রাক্তন ইজারাদার), পিতা: ..........................................
গ্রাম:...................................... ডাক: ................................উপজেলা: শ্রীমঙ্গল, জেলা- মৌলভীবাজার

২০। নোটিশ বোর্ড, অত্রাফিস।

(মোঃ ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ফোনঃ ০২৯৯৬৬৮৬৩৪৩